# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date 06-02-2025 Time: 7-50 P.M.

## বিশেষ বিশেষ খবরঃ–

১) অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট চার লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নিউটাউনে আজ সমাপ্তি ভাষণে তিনি এই সম্মেলনকে দারুণ সফল বলে উল্লেখ করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী বাণিজ্য সম্মেলনের মর্যাদা নষ্ট করে তাকে সার্কাসে পরিণত করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে।

২) মুখ্যমন্ত্রীর ঘোষণা মতোই বীরভূমের দেউচা পাচামি খনি প্রকল্পে ব্যাসল্ট উত্তোলনের কাজ আজ শুরু হয়েছে।

৩) যোগ্য – অযোগ্যদের আলাদা করার দাবিতে এস এল এস টি – শিক্ষকদের মিছিলকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা।

৪) সোমবার রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে বাজেট অধিবেশন শুরুর আগে বিধানসভায় আগামীকাল সর্বদলীয় বৈঠক ডাকা হয়েছে।

৫) চিত্র পরিচালক অভিনেতা অঞ্জন দত্তকে আজ কলকাতা বইমেলায় একাদশ সমরেশ মজুমদার স্মৃতি পুরস্কার প্রদান করা হয়েছে।

৬) উত্তরাখণ্ডের দেরাদুনে ৩৮ তম জাতীয় গেমসে বাংলা আজ একটি সোনা ও একটি ব্রোঞ্জ পেয়েছে।

ooooooooooooooooooooooo

অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট চার লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছে। সম্মেলনে দ্বিতীয় তথা শেষ দিনে আজ নিউটাউনের বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে সমাপ্তি ভাষণে তিনি এই সম্মেলনকে দারুন সফল বলে উল্লেখ করেন।

মুখ্যমন্ত্রী আরও জানান, উত্তর ২৪ পরগনার অশোকনগরে তেল ও গ্যাস উত্তোলনের জন্য ভারতের খনিজ তেল এবং প্রাকৃতিক গ্যাস নিগম - ওএনজিসিকে এক টাকার বিনিময়ে ৫০ একর জমি দেওয়া হচ্ছে।

সরকার এবং বিভিন্ন সংস্থার মধ্যে সম্মেলনে ১ হাজার ২০০-র বেশি মউ এবং লেটার অফ ইনটেন্ট স্বাক্ষরিত হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য, কুড়িটি দেশ থেকে পাঁচ হাজারের বেশি প্রতিনিধি দু-দিনের সম্মেলনে অংশ নেন।

আজ বাণিজ্য সম্মেলনের দ্বিতীয় দিনে মূলত ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে বিনিয়োগ প্রসঙ্গে একাধিক বৈঠকে দীর্ঘ আলোচনা চলে। আন্তর্জাতিক বিনিয়োগ প্রসঙ্গে বিভিন্ন দেশের শিল্পপতিদের সঙ্গে কথা বলেন রাজ্য সরকারের প্রতিনিধিরা। মুখ্যমন্ত্রী নিজে সম্মেলনে যোগ দেওয়া পাঁচটি দেশের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন।

সম্মেলন নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী বাণিজ্য সম্মেলনের মর্যাদা নষ্ট করে তাকে সার্কাসে পরিণত করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, এই সম্মেলনে আমন্ত্রিতরা শুধুমাত্র বিনোদনের জন্য আসেন। এবারের বাণিজ্য সম্মেলনে চার লক্ষ চল্লিশ হাজার ৫৯৫কোটি টাকার বিনিয়োগ এসেছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেছেন। এর অর্থ এপর্যন্ত ৮টি বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট ২৩ লক্ষ কোটি টাকার বেশি বিনিয়োগ হয়েছে। তবে একটি শিশুও জানে

এই সম্মেলন বিশ্বের সবচেয়ে বড় অসত্য। এর প্রকৃত অর্থ হলো দেউলিয়া রাজ্যে ব্যবসার কবরস্থান।

অন্যদিকে দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় আজ সাংবাদিক বৈঠকে জানিয়েছেন,মুখ্যমন্ত্রী যে বিনিয়োগ প্রস্তাবের দাবি করেছেন,কারা সেই বিনিয়োগের চুক্তি স্বাক্ষর করেছে,কোথায়, কোন জমিতে এবং কিভাবে বিনিয়োগ হবে সেবিষয়ে কোনো স্বচ্ছতা নেই।

(বাইট – জগন্নাথ চট্টোপাধ্যায়)

তাই ২০২৩সাল পর্যন্ত বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে মোট যে বিনিয়োগ হয়েছে তা কারা বিনিয়োগ করেছে,কোথায় বিনিয়োগ হয়েছে এবং কারা কর্মসংস্থান পেয়েছে সেবিষয়ে রাজ্য বাজেটে তথ্য প্রকাশ করার জন্য শ্রী চট্টোপাধ্যায় দাবি জানিয়েছেন।

পাশাপাশি দেউচা পাচামিতে কয়লা উত্তোলনের কাজ শুরু হয়ে গেছে বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন, তার প্রেক্ষিতে শ্রী চট্টোপাধ্যায় বলেন,এই প্রকল্পের দরপত্র এখনো আহ্বান করা হয়নি। এবং মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিতে সেখানে কি করে কাজ শুরু হলো তিনি সেই বিষয়ে প্রশ্ন তোলেন।

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, প্রয়োজনীয় পরিকাঠামো ও পরিকল্পনার অভাবে এরাজ্যে বর্তমান শিল্পে রুগ্ন দশা তৈরি হয়েছে। তার দল শিল্পে লগ্নি আনার বিপক্ষে নয়, নতুন শিল্প ও কর্মসংস্হানের পক্ষে। কিন্তু পাশাপাশি রাজ্যে যে সমস্ত শিল্প কারখানা ও প্রতিষ্ঠান আছে, সেগুলির প্রতি আগে যত্নবান হওয়া দরকার।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রীর ঘোষণা মতোই বীরভূমের দেউচা পাচামি খনি প্রকল্পে ব্যাসল্ট উত্তোলনের কাজ আজ শুরু হয়েছে। গতকাল নিউটাউনে বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে মমতা ব্যানার্জী একথা ঘোষণা করে বলেন, বাংলার শিল্পোন্নয়নে অনুঘটকের ভূমিকা নেবে এই খনি অঞ্চল। প্রকল্পে জমিদাতাদের পরিবারের সদস্যদের চাকরির বন্দোবস্ত করা হয়েছে। সেই সঙ্গে দেওয়া হয়েছে ক্ষতিপূরণও।

উল্লেখ্য, মহম্মদ বাজারের দেউচা পাচামীর এই কয়লা খনিতে প্রাথমিক পর্যায়ে ৩৫ হাজার কোটি টাকা লগ্নীর সম্ভাবনা রয়েছে বলে রাজ্য সরকারের দাবী। এখানে এশিয়ার দ্বিতীয় বৃহত্তম কয়লা শিল্পাঞ্চল গড়ে ওঠার কথা।

বীরভূমের জেলাশাসক  বিধান রায় আজ কাজ শুরুর পর সাংবাদিকদের জানান,

(বাইট – জেলাশাসক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী  সোমবার ১০ই ফেব্রুয়ারি রাজ্যপাল সিভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধান সভার বাজেট অধিবেশন শুরু হতে চলেছে। তার আগে আগামীকাল বিধান সভায় এক সর্বদলীয় বৈঠক বসবে। একই সঙ্গে কার্য্য উপদেষ্টা কমিটির বৈঠক ও হওয়ার কথা । সেখানে আসন্ন অধিবেশনে সভার কার্যসূচি চূড়ান্ত করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যোগ্য ও অযোগ্যদের আলাদা করার দাবি তুলে আজ ফের পথে নেমে সরব হন SLST শিক্ষকরা। ময়দান মেট্রো স্টেশনের সামনে প্রথমে জমায়েত করে  এস এল এস টি শিক্ষকরা ।কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়ির দিকে সেখান থেকে মিছিল করে এগোতে শুরু করলে আন্দোলনকারীরা ব্যাপক পুলিশি বাধার মুখে পড়ে। তৈরি হয় ধুন্দুমার পরিস্থিতি। আন্দোলনকারীদের মিছিল আটকে দেয় বিরাট সংখ্যক পুলিশ বাহিনী। এরপরে ই পুলিশের বাধা অতিক্রম করে কালীঘাটের দিকে এগোতে চেষ্টা করলে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের ব্যাপক বাকবিতণ্ডা ও ধস্তা ধ্বস্তি শুরু হয়। রাস্তায় বসে পড়ে তারা বিক্ষোভ দেখাতে থাকেন।

আন্দোলনকারীদের বক্তব্য, তাদের সামনে বিকল্প কোন পথ খোলা নেই। শান্তিপূর্ণ মিছিলে পুলিশি বাধার তীব্র প্রতিবাদ জানান তাঁরা । এরপর পুলিশ তাদের টেনে হিঁচড়ে প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায় বলে অভিযোগ। পুলিশ কালীঘাট ও সংলগ্ন এলাকায় ব্যাপক তল্লাশি শুরু করে। ওই তল্লাশিতেও বেশ কয়েকজন আন্দোলনকারিকে তারা তুলে নিয়ে যায় বলে  অভিযোগ উঠেছে।

এদিকে, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (এসটিইএ), ২০১৬ এর প্যানেলে নিযুক্ত যোগ্য-শিক্ষক শিক্ষাকর্মীরা আজ কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে গেলে পুলিশ

যেভাবে ধরপাকড় এবং গ্রেপ্তার করে, তার তীব্র প্রতিবাদ জানিয়েছে। সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ আজ এক বিবৃতিতে প্রতিবাদ জানানোর পাশাপাশি আগামী ১০ ফেব্রুয়ারি শুনানিতে সুপ্রিম কোর্টে যোগ্যদের যথাযথ তালিকা জমা করে তাদের চাকরির নিশ্চয়তা বজায় রাখার দাবি করেন।

অন্যদিকে পুলিশের ভূমিকা এবং গ্রেফতারের ঘটনায় শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ কড়া সমালোচনা করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী তাঁদের সংগঠনের জেলা নেতৃত্ব এবং আন্দোলন কারীদের নেতৃত্ব সহ অসংখ্য শিক্ষক-শিক্ষিকা গ্রেপ্তার বলে দাবি করেন। যোগ্যদের সসম্মানে পুনর্বহালের ব্যবস্থা নিশ্চিত করার দাবি জানান তিনি। না হলে পরিস্থিতি যেদিকে যাচ্ছে তার জন্যরাজ্য সরকার দায়ী থাকবে বলে তিনি মন্তব্য করেন।

oooooooooooooooooooooooo

হুমকি সংস্কৃতিতে জড়িত থাকার অভিযোগে বহিষ্কৃত পড়ুয়াদের আবার কলেজে ফিরিয়ে আনার দাবিতে উত্তপ্ত বর্ধমান মেডিক্যাল কলেজে। পরিস্থিতি সামাল দিতে সেখানে আজ গ্রিভান্স রেড্রেসাল কমিটির সদস্যরা কলেজের অধ্যক্ষ, অধ্যাপক ও পড়ুয়াদের সঙ্গে বৈঠকে বসেন। বৈঠকে যোগ দেন  অধ্যক্ষ মৌসুমী ব্যানার্জী, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক জয়রাম হেমব্রম, হাসপাতালের সুপার তাপস ঘোষ প্রমুখ।

কমিটিতে ছিলেন তিন চিকিৎসক - ডাক্তার সৌরভ দত্ত, যোগীরাজ রায় এবং সঞ্জীব বন্দ্যোপাধ্যায়।

বৈঠকের পর ডাক্তার দত্ত বলেন, আলোচনা ইতিবাচক হয়েছে। বিভিন্ন বিষয়ে অভিযোগ এসেছে ঠিকই, তবে তার সমাধানসূত্রও মিলেছে। আজকের পর থেকে সেখান আর কোন আতঙ্কের পরিবেশ থাকবে না বলে তিনি আশ্বাস দেন। উর্দ্ধতন কর্তৃপক্ষকে এবিষয়ে জানানো হচ্ছে।

অন্যদিকে, আন্দোলনকারী ছাত্রছাত্রীদের পক্ষ থেকে থ্রেট কালচারে অভিযুক্ত পড়ুয়াদের কোনভাবেই আর কলেজ ক্যাম্পাসে প্রবেশ না করতে দেওয়ার দাবি জানানো হয়েছে। পড়ুয়াদের

পক্ষে ডাক্তার গৌরাঙ্গ প্রামাণিক জানিয়েছেন, অভিযুক্তদের ফিরিয়ে আনলে আবারও কলেজের পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠবে।

এর আগে বহিষ্কৃত পড়ুয়াদের কলেজে ফিরিয়ে আনার দাবিতে অধ্যক্ষকে ডেপুটেশন জমা দেয় পড়ুয়াদের একাংশ। পাল্টা স্মারকলিপি জমা দেয় আর জি কর-এর ঘটনায় সামিল হওয়া প্রতিবাদী দল। তাদের অভিযোগ ছিল মেডিকেল কলেজে ভয়ের পরিবেশ ফিরিয়ে আনার চেষ্টা চলেছে। গতকাল কলেজ কাউন্সিলের বৈঠকে তীব্র বাদানুবাদের খবর প্রকাশ্যে আসে।

oooooooooooooooooooooo

দক্ষিণ দিনাজপুরে আজ দুপুরে পুলিশের হাতে গ্রেফতার ভুয়ো নথি তৈরি চক্রের পান্ডা। ধৃত কাজল দাস, হিলি থানার ধলপাড় গ্রাম পঞ্চায়েতের লালপুরের বাসিন্দা। তিনি পেশায় একজন স্কুল শিক্ষক। গোপন খবরের ভিত্তিতে পুলিশ আজ দুপুরে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। ধৃত কাজল বাংলাদেশ থেকে আসা অুপ্রবেশকারীদের ভুয়ো নথি তৈরি করে দিত। ভুয়ো আধার কার্ডের পাশাপাশি একাধিক জাল নোট তৈরিরও অভিযোগ রয়েছে তার বিরদ্ধে।

oooooooooooooooooooooooooooo

সমস্ত শিল্প মাধ্যমের মধ্যে সাহিত্যই সবার সেরা বলে মন্তব্য করেছেন চিত্র পরিচালক অভিনেতা ও সংগীতশিল্পী অঞ্জন দত্ত। আজ আন্তর্জাতিক কলকাতা বইমেলায় একাদশতম সমরেশ মজুমদার স্মৃতি পুরস্কার গ্রহণ করে তিনি বলেন , যা কিছু কাজ করেছেন সেজন্য বিদেশে কিছু পুরস্কার পেলেও দেশের মাটিতে সেভাবে তাঁকে সম্মান জানানো হয়নি। তিনি বলেন,সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের হাত থেকে পুরস্কার গ্রহণ করতে পেরে তিনি অত্যন্ত আনন্দিত।

উল্লেখ্য, বইমেলার লিটারারি ফেস্টিভ্যালের উদ্বোধন করেন সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়। এটি চলবে আগামী আট তারিখ পর্যন্ত।

oooooooooooooooooooooooooooo

উত্তরাখণ্ডের দেরাদুনে ৩৮ তম জাতীয় গেমসে বাংলা আজ একটি সোনা ও একটি ব্রোঞ্জ পেয়েছে।

তীরন্দাজ এ পুরুষদের ব্যক্তিগত রিকার্ভ ইভেন্টে জুয়েল সরকার স্বর্ণ পদক জয় করেছেন।

মহিলাদের ফুটবলে বাংলা   টাইব্রেকারে ৫-৩ গোলে দিল্লিকে হারিয়ে ব্রোঞ্জ পেয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooooooo